

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৪১(আগরতলা-১৩।০১)
কৈলাসহর, ১৩ জানুয়ারী, ২০১৮

২ দিন ব্যাপী উনকোটি মকর সংক্রান্তি মেলা শুরু

আজ সন্ধ্যায় সূচনা হয়েছে দু'দিনব্যাপী উনকোটি মকর সংক্রান্তি মেলার। মঙ্গলদীপ জেলে মেলার উদ্বোধন করেন উনকোটি জিলা পরিষদের সভাপতি কল্পনা দেবনাথ। উদ্বোধকের ভাষণে শ্রীমতি দেবনাথ বলেন, উনকোটি আমাদের গর্ব। উনকোটের নামে আমাদের জেলার নামকরণ হয়েছে। আমরা গোটা বিশ্বের পর্যটন মানচিত্রেই উনকোটিকে পৌঁছে দিতে চাই। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উনকোটি ভিলেজ কমিটির চেয়ারম্যান গন্তিরুং রিয়াং। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা উন্নয়ন আধিকারিক রূপক ভট্টাচার্য। উদ্বোধনী অনুষ্ঠানে গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শান্তি সিংহ বলেন, রাজ্যে বিভিন্ন বর্ণ-ধর্মের মানুষের বাস। কৈলাসহর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মনীষ সাহা বলেন, ত্রিপুরার মানুষের আতিথিয়তা পর্যটকদের মুগ্ধ করে। এ'মেলা সম্প্রীতির। গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান ইনুস মিয়া খাদিম উনকোটিকে আরো বেশী করে প্রচারে আনার উপর গুরুত্ব আরোপ করেন। চন্ডিপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান পুলিন পাল বলেন, এই মেলা জাতি-উপজাতির এক মিলনক্ষেত্র হয়ে উঠেছে। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন জেলা উন্নয়ন আধিকারিক কমিশনার কলই, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা দেবশিস নাথ প্রমুখ।
